

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭৮২

১/ বিবিধ

আরবী

المتعبد بلا فقه كالحمار في الطاحونة

موضوع

رواه ابن عدي (1 / 345) عن محمد بن رزق الله الكلوزاني: حدثنا نعيم بن حماد: حدثنا بقية عن ثور بن يزيد عن خالد بن معدان عن وائلة بن الأسقع مرفوعا. وقال: " وهذا حديث لا أعلم رواه عن بقية غير نعيم ". قلت : قد تابعه محمد بن إبراهيم: حدثنا بقية به

أخرجه أبو نعيم في " الحلية " (219 / 5) وقال: " لم نكتبه إلا من حديث بقية قلت: وبقية مدلس وقد عنعنه، وكان يدلس عن الثقات ما أخذه عن مثل مجاشع بن عمرو وعمر بن موسى الوجيهي وغيرهما من الكذابين والوضاعين كما قال ابن حبان، فهو آفة هذا الحديث عندي، وأما ابن الجوزي فقد أورده في " الموضوعات " فأصاب، لكنه أعله بمحمد بن إبراهيم هذا – وهو الشامي فقال (1 / 262): " لا يصح، والمتهم به محمد بن إبراهيم، قال ابن حبان: كان يضع الحديث، لا يحل الاحتجاج به

وتعقبه السيوطي في " اللآليء " (1 / 219) بمتابعة نعيم بن حماد. أخرجه الطيالسي في " ترغيبه

وفاته أن ابن عدي أخرجه أيضا من طريقه كما ذكرنا، ونعيم ضعيف، لكن الآفة من تدليس بقية كما بينت، وإنما لم يعله به ابن الجوزي لأنه إنما وقع الحديث عنده من

رواية أبي نعيم عن الشامي هذا، وهو وضاع، فاقتصر عليه، وإلا لوقعت له متابعة  
 نعيم بن حماد هذه لأعله إن شاء الله بالتدليس المذكور، والله أعلم.  
 ومن عجائب السيوطي أنه أورد الحديث في " الجامع الصغير " من رواية أبي نعيم  
 التي فيها ذاك الوضاع، وأعرض عن رواية ابن عدي والطيالسي التي ليس فيها هذا  
 الوضاع

বাংলা

৭৮২। না বুঝে ইবাদতকারী যাতা (পেষণ যন্ত্রের) ঘুরানো গাধার ন্যায়।

হাদীছটি জাল।

এটি ইবনু আদী (১/৩৪৫) মুহাম্মাদ ইবনু রিয়কিল্লাহ আল-কালওয়ানী হতে তিনি নোয়াইম ইবনু হাম্মাদ হতে তিনি বাকিয়াহ হতে তিনি ছাওর ইবনু ইয়াখীদ হতে তিনি খালেদ ইবনু মিদান হতে ... বর্ণনা করেছেন।

ইবনু আদী বলেনঃ এ হাদীছটি বাকিয়াহ হতে নোয়াইম ছাড়া অন্য কেউ বর্ণনা করেছেন বলে জানি না।

আমি (আলবানী) বলছিঃ মুহাম্মাদ ইবনু ইব্রাহীম তার মুতাবয়াত করেছেন। এটিকে আবু নোয়াইম "আল-হিলইয়াহ" (৫/২১৯) গ্রন্থে বর্ণনা করে বলেছেনঃ এটিকে আমরা একমাত্র বাকিয়ার হাদীছ হতে লিখেছি।

আমি (আলবানী) বলছিঃ বাকিয়াহ মুদল্লিস। তিনি আন্ আন্ করে বর্ণনা করেছেন। তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে তাদলীস করতেন। তিনি সেগুলো আসলে মুজাশে ইবনু আমর, আমর ইবনু মূসা আল-ওয়াজীহী ও অন্যান্য মিথ্যুক, জালকারীদের থেকে গ্রহণ করেছেন যেমনটি ইবনু হিব্বান বলেছেন। আমার নিকট তিনিই এ হাদীছটির সমস্যা। ইবনুল জাওযী হাদীছটি "আল-মাওয়ুআত" গ্রন্থে উল্লেখ করে ঠিকই করেছেন। কিন্তু তিনি সমস্যা হিসাবে মুহাম্মাদ ইবনু ইব্রাহীমকে চিহ্নিত করে (১/২৬২) বলেছেনঃ এটি সহীহ নয়। এ হাদীছটির ব্যাপারে দোষী হচ্ছে মুহাম্মাদ ইবনু ইব্রাহীম। ইবনু হিব্বান তার সম্পর্কে বলেনঃ তিনি হাদীছ জাল করতেন। তার দ্বারা দলীল গ্রহণ করাই হালাল নয়। আশ্চর্যের ব্যাপার এই যে, সুযুতী "আল-জামেউস সাগীর" গ্রন্থে হাদীছটি জালকারী মুহাম্মাদ ইবনু ইব্রাহীমের বর্ণনা হতেই উল্লেখ করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71661>

হাদিসবিডিৰ প্ৰজেক্টে অনুদান দিন